গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কুষ্টিয়া সদর, কুষ্টিয়া।

## ২০ একরের নিচে জলমহাল পুন: ইজারা বিজ্ঞপ্তি (ম্যানুয়াল)

"সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা ২০০৯" অনুযায়ী কুষ্টিয়া সদর উপজেলায় ২০ (বিশ) একর পর্যন্ত আয়তন বিশিষ্ট বদ্ধ জলমহাল গুলো বাংলা ১৪৩২ হতে ১৪৩৪ সন পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা প্রদানের লক্ষ্যে ভূমি মন্ত্রণালয়ের সায়রাত-১ শাখা এর ১০ মার্চ, ২০২৫ খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.২৪-১৮৮/১(১৭) নম্বর স্মারকে জারিকৃত প্রজ্ঞাপন অনুযায়ী নিবন্ধিত প্রকৃত মৎসজীবি সমবায় সমিতি/সদস্যগনের নিকট হতে নির্ধারিত সময়সূচি, নিয়মাবলী/শর্তাবলী ও চেকলিষ্ট অনুসরণপূর্বক (ম্যানুয়াল) আবেদন আহবান করা হলো।

| ক্র: নম্বর | তারিখ | গৃহীত কার্যক্রম |
|---|---|---|
| ০১ | ২৪ শে চৈত্র থেকে ২৭ শে চৈত্র (০৭ এপ্রিল থেকে ১০ এপ্রিল, ২০২৫ খ্রি. তারিখ) দুপুর ১২.০০ টা পর্যন্ত | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কুষ্টিয়া সদর কুষ্টিয়া ও উপজেলা ভূমি অফিস কুষ্টিয়া সদর, কুষ্টিয়া হতে ইজারার আবেদন ফরম সংগ্রহ। |
| ০২ | ২৭ শে চৈত্র (১০ এপ্রিল) দুপুর ১২.০০ টা হতে দুপুর ২.০০ টা পর্যন্ত। | নির্ধারিত ফরমে দাখিলকৃত আবেদনের কপি ও জামানতের সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল। |
| ০৩ | ২৭ শে চৈত্র (১০ এপ্রিল) দুপুর ০৩.০০ ঘটিকা। | প্রাপ্ত আবেদন খোলা ও যাচাই বাছাই। |
| ০৪ | ৩০ শে চৈত্র (১৩ এপ্রিল) | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারা গ্রহীতাকে অবহিত করণ। |
| ০৫ | ০২ ই বৈশাখ (১৫ এপ্রিল) | ইজারা গ্রহীতা কর্তৃক নির্ধারিত কোর্ডে ইজারামূল্য ও অন্যান্য সরকারি করাদি জমা প্রদান এবং ইজারা গ্রহীতাদের সাথে চুক্তি সম্পাদন |

**১৪৩২ হতে ১৪৩৪ সন পর্যন্ত ইজারাযোগ্য জলমহালের সম্ভাব্য বাৎসরিক ইজারামূল্যেসহ তালিকা নিম্নরূপ :**

| ক্র.নং | উপজেলার নাম | জলমহালের নাম | আয়তন (একরে) | সরকারি ইজারা মূল্য (প্রতিবছর) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | কুষ্টিয়া সদর | আস্তানগর | ১.১৬ একর | ৪৪,৬২৫/- | |
| ০২ | ঐ | উদিবাড়ী খাসপুকুর | ০.৪৯৪৪ একর | ১৯,৯৫০/- | |
| ০৩ | ঐ | হাতিয়াবিল | ৬.২০০০ একর | ১০,৩৯,৩৮৪/- | |

পার্থ প্রতিম শীল
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
কুষ্টিয়া সদর, কুষ্টিয়া।

### জলমহাল ইজারার নির্দেশিকা ও শর্তাবলী :

০১। আবেদনকারীকে সদস্য সচিবের স্বাক্ষরযুক্ত আবেদনপত্রের সাথে আবেদন ফি (অফেরতযোগ্য) ৫০০/- (পাঁচশত) টাকা এবং জামানত (ইজারা মূল্যের ২০%) উপজেলা নির্বাহী অফিসার, কুষ্টিয়া সদর বরাবরে তফসিলী ব্যাংকের পে-অর্ডার/ব্যাংক এর মাধ্যমে পৃথকভাবে জমা দিতে হবে।

০২। ইজারাপ্রাপ্ত আবেদনকারীকে তার আবেদন গ্রহণের (পনেরো) কার্যদিবসের মধ্যে প্রথম বছরের ইজারামূল্য, ইজারামূল্যের অতিরিক্ত সর্বশেষ নীতিমালা অনুসরণপূর্বক আয়কর ও মুল্য সংযোজন করসহ সম্পূর্ণ অর্থ জমা দিতে হবে। অন্যথায় তার আবেদনপত্র বাতিল করে সমুদয় জামানত বাজেয়াপ্ত করা হবে। ইজারাপ্রাপ্ত আবেদনকারীকে সংশ্লিষ্ট জলমহালের সমুদয় অর্থ পরিশোধ ও চুক্তিনামা সম্পাদন করে জলমহালের দখল বুঝে নিতে হবে।

০৩। দ্বিতীয় বছরের সম্পূর্ণ ইজারা মুল্য প্রথম বছরের ১৫ ই চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। তৃতীয় বছরের সম্পূর্ণ ইজারামূল্য পূর্ববর্তী বছরের ১৫ ই চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে এবং সর্বশেষ ইজারা মূল্যের সাথে জামানতের অর্থ সমন্বয় করতে হবে।

০৪। আবেদনপত্রে আবেদনকারীর নাম, পিতার নাম ও ঠিকানাসহ দেয় দর অংকে এবং কথায় স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। কোন প্রকার কাটাকাটি বা ঘষা মাজা করা যাবে না। প্রতিটি জলমহালের জন্য ভিন্ন ভিন্ন আবেদন দাখিল করতে হবে।

০৫। প্রত্যেক আবেদনকারীকে নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতি নির্বাচিত কমিটির গঠনতন্ত্রের কপি, ব্যাংক একাউন্ট সংক্রান্ত প্রত্যয়নপত্রসহ প্রয়োজনীয় তথ্য ও সত্যায়িত ছবি সংযোজন করতে হবে। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুসরণ পূর্বক এবং ভূমি ভূমি মন্ত্রণালয়ের সায়রাত-১ শাখা এর ১০ মার্চ, ২০২৫ খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.২৪-১৮৮/১(১৭) নম্বর স্মারকাদেশ মোতাবেক অবগামী ০৭/০৪/২০২৫ খ্রি. তারিখ হতে ১০/০৪/২০২৫ খ্রি. তারিখের মধ্যে সাধারণ (ম্যানুয়াল) আবেদন করতে হবে।

০৬। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯ এ বর্ণিত অন্যান্য শর্তাবলী এবং সরকার কর্তৃক সময়ে জারিকৃত বিধিবিধান ইজারাদার মেনে চলতে বাধ্য থাকবেন।

০৭। ইজারাদারকে জলমহাল পরিস্কার পরিচ্ছন্ন রাখতে হবে। কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেখে জলমহালের কোনরূপ পরিবর্তন করা যাবে না।

০৮। ইজারাদার কোন অবস্থাতে ইজারাকৃত জলমহাল সাব-লীজ দিতে পারবে না।

০৯। যে কোন আবেদন বাতিল বা গ্রহণ করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

পার্থ প্রতিম শীল
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
কুষ্টিয়া সদর, কুষ্টিয়া।

CS CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
কুষ্টিয়া সদর, কুষ্টিয়া।

স্মারক নং ৩১.০০.৫০৭৯.০২.০২৫.০০২.২৫- ৬৯৫

তারিখ ২৪ চৈত্র, ১৪৩১ বঙ্গাব্দ।
০৭ এপ্রিল, ২০২৫ খ্রিষ্টাব্দ।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :

১। জেলা প্রশাসক, কুষ্টিয়া।
২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুষ্টিয়া।
৩। উপজেলা নির্বাহী অফিসার, কুষ্টিয়া সদর, কুষ্টিয়া।
৪। সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, কুষ্টিয়া সদর, কুষ্টিয়া।
৫। উপজেলা কৃষি অফিসার, কুষ্টিয়া সদর, কুষ্টিয়া।
৬। অফিসার ইনচার্জ, কুষ্টিয়া সদর থানা, কুষ্টিয়া।
৭। উপজেলা সমাজসেবা অফিসার, কুষ্টিয়া সদর, কুষ্টিয়া।
৮। উপজেলা সমবায় অফিসার, কুষ্টিয়া সদর, কুষ্টিয়া।
৯। উপজেলা যুব উন্নয়ন অফিসার, কুষ্টিয়া সদর, কুষ্টিয়া।
১০। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কুষ্টিয়া সদর, কুষ্টিয়া।
১১। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,................................ ইউনিয়ন ভূমি অফিস, কুষ্টিয়া সদর, কুষ্টিয়া।
১২। জনাব ......................................................, সভাপতি.................................. মৎস্যজীবি সমবায় সমিতি, কুষ্টিয়া সদর, কুষ্টিয়া।
১৩। নোটিশ বোর্ড।
১৪। অফিস কপি।

০৭/০৪/২০২৫
মোঃ রিফাতুল ইসলাম
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
কুষ্টিয়া সদর, কুষ্টিয়া।